যুগান্তর

তারিখ ৩১ JAN 2017
পৃষ্ঠা ২-৬ কলাম ২

ঢাবির দর্শন বিভাগ

# এক শিক্ষকের নিয়োগ নিয়ে হাইকোর্টের রুল

**যুগান্তর রিপোর্ট**

আবেদনের যোগ্যতা না থাকার পরও ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে এক প্রভাষককে নিয়মবহির্ভূতভাবে নিয়োগ দেয়ায় রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি খন্দকার তোফায়েল আহমেদের নিয়োগপত্র কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে। এক রিট আবেদনের শুনানি নিয়ে সোমবার বিচারপতি নাঈমা হায়দার ও আবু তাহের মো. সাইফুর রহমানের বেঞ্চ এ রুল জারি করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে ভিসি, প্রোভিসি (শিক্ষা), প্রোভিসি (প্রশাসন), বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, দর্শন বিভাগের চেয়ারম্যান, সহকারী পরিচালক (জনসংযোগ) এবং নিয়োগপ্রাপ্ত ওই শিক্ষককে ১০ দিনের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। রিট আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী সগির আনোয়ার। সঙ্গে ছিলেন ব্যারিস্টার সারোয়ার পায়েল। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেছুর রহমান। এর আগে রোববার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট আবেদনটি করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে শিক্ষক পদে আরেক আবেদনকারী এইচএম মিরাজ সৌরভ। আবেদনে বলা হয়, গত বছরের ২ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে দু'জন প্রভাষক নিয়োগে বিজ্ঞপ্তি দেয়া হয়।